

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
তারাগঞ্জ, রংপুর

স্মারক নং- ৩১.০২.৮৫৯২.০০০.০৫.০০৮.২৩ - ৩৯৪

তারিখ: ০৩/০৪/২০২৩ খ্রি.

জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা তারাগঞ্জ উপজেলার ২০ (কুড়ি) একরের নিম্নের আয়তন বিশিষ্ট অনলাইন সিস্টেমে অ- ইজারাকৃত নিম্নবর্ণিত বদ্ধ জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুসারে ১৪৩০-১৪৩২ বঙ্গাব্দ মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/ সমিতি সমূহের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	জলমহালের নাম	উপজেলার নাম	মৌজার নাম	আয়তন (একর)	সরকারি ইজারা মূল্য	অনলাইনে আবেদনের তারিখ	ইজারার প্রকৃত মেয়াদ
১	২	৩	৪	৫	০৬	০৭	০৮
০১	ডাংগীর বিল	তারাগঞ্জ	বিষ্ণুপুর	১.২৩	১৫,৭৫০/-	বাংলা ২০ চৈত্র থেকে ২৯ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ ইংরেজী ০৩/০৪/২০২৩ হতে ১২/০৪/২০২৩ খ্রি.	০১ বৈশাখ, ১৪৩০ হতে ৩০ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ পর্যন্ত
০২	বিল্লাকুড়ি বিল	তারাগঞ্জ	পলাশবাড়ী	২.৫৬	৪০,৯৫০/-		
০৩	পশ্চিম গাওচুলকা বিল	তারাগঞ্জ	অনন্তপুর	১.৩৯	৬,০০০/-		
০৪	চাত্রার বিল	তারাগঞ্জ	দামোদরপুর	১.৫৬	৪,০২০/-		
০৫	বারদেশি পুকুর	তারাগঞ্জ	দোহাজারী	১.০০	৪,৫০০/-		
০৬	তামাকবাড়ী বিল	তারাগঞ্জ	কাচনা	০.৫৫	২,৪৭৫/-		
০৭	শুকানদিঘী	তারাগঞ্জ	লক্ষিপুর	১.২০	৫,৭৭৫/-		

শর্তাবলী:

০১. প্রকৃত মৎস্যজীবী সমিতি/ মৎস্যজীবী সংগঠন ০৩/০৪/২০২৩ হতে ১২/০৪/২০২৩ খ্রি. (২০ চৈত্র থেকে ২৯ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ) এর মধ্যে ম্যানুয়ালি আবেদন করতে পারবেন।
০২. দাখিলকৃত আবেদনের কপি, চাহিত সংশ্লিষ্ট কাগজপত্র ও উদ্ধৃত ইজারা মূল্যের ২০% জামানত বাবদ ব্যাংক ড্রাফট/ পে অর্ডারের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে অফিস চলাকালীন সময়ের মধ্যে উপজেলা ভূমি অফিস, তারাগঞ্জ, রংপুর- এ নির্ধারিত সীলগালাকৃত দরপত্র বাস্তবে ১৩/০৪/২০২৩ তারিখের মধ্যে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না। ইজারাপ্রাপ্ত সমিতির শেষ বছরের ইজারামূল্যের সাথে উক্ত জামানতকৃত টাকা সমন্বয় করা হবে।
০৩. আবেদনকারী মৎস্যজীবী সমিতিকে আবেদন বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) চালানের মাধ্যমে জলমহাল ও ইজারা পুকুর ১/৪৬৩১/০০০০/১২৬১ কোডে জমা প্রদান করে চালানের মূলকপি আবেদনের সাথে যুক্ত করে দাখিল করতে হবে।
০৪. ভুল/অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।
০৫. মৎস্যজীবী সংগঠন/ সমিতিকে যাচাই বাছাই এর ক্ষেত্রে উক্ত সংগঠন/ সমিতি এর কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/ সমিতিকে উক্ত জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।
০৬. কোন কারণবশত ইজারা প্রদান কার্যক্রম বিলম্ব হলেও প্রদত্ত ইজারা ১৪৩০ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে কার্যকর হবে। এজন্য ইজারা এহীতা কোন আর্থিক সুবিধা বা ক্ষতিপূরণ দাবি করতে পারবেন না। এ বিজ্ঞপ্তিভুক্ত সকল জলমহালের ইজারার মেয়াদ ৩০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ তারিখে সমাপ্ত হবে।

৭

০৭. সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/ তীরবর্তী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/ সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে ইজারা প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।
০৮. দাখিলকৃত আবেদনের উদ্ধৃত দর সরকারি ইজারামূল্য অপেক্ষা কম হলে দাখিলকৃত আবেদন গ্রহণযোগ্য হবে না।
০৯. আবেদনের সাথে সংগঠন বা সমিতির নিবন্ধন সনদ, সমিতির সভার কার্যবিবরণী, বিগত দুই বছরের অডিট রিপোর্ট, নির্বাচিত কমিটির সভাপতি ও সম্পাদকের ছবিসহ নির্বাহী সদস্যদের নামের তালিকা ও সমিতির সমিতির সকল প্রকৃত মৎস্যজীবী সদস্যগণের এফ.আই.ডি কার্ডের সত্যায়িত কপি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক রুল অনুসারে ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, জলমহালে মৎস্য চাষ/ উৎপাদন/ সুষ্ঠু পরিকল্পনা/ রূপরেখা ইত্যাদি কাগজপত্র সংযোজন করতে হবে।
১০. কোন মৎস্যজীবী সমবায় সমিতি দুইটির অধিক জলমহাল ইজারা/ বন্দোবস্ত পাবে না।
১১. গৃহীত ইজারা মূল্যের উপর সরকার নির্ধারিত ১৫% হারে ভ্যাট ও ১০% আয়কর ১ম বছরের ইজারার টাকার সাথে একত্রে প্রদান করতে হবে।
১২. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধি- বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন।
১৩. কর্তৃপক্ষ জনস্বার্থে যে কোন প্রয়োজনে যে কোন সময় কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনের বিষয়ে যে কোন সময় উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।



মোঃ রাসেল মিয়া

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি

তারাগঞ্জ, রংপুর